



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি শিক্ষা অধিদপ্তর

এমপিও শাখা

এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

ওয়েব সাইট: www.techedu.gov.bd



স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১১.০৪৭.২৩-৫৭১

তারিখ: ২৭/০৪/২০২৩ খ্রি.

বিষয়: নিয়োগ-বাছাই কমিটিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্রঃ বাকাশিবো স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০৩.১১.০৩৫.২৩.২০৫১/৭১২৪, তারিখ-২৮/০৩/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলাধীন ধানখালী টেকনিক্যাল এন্ড বিএম কলেজ এর অধ্যক্ষ তাঁর প্রতিষ্ঠানে এইচ.এস.সি (বিএম) শিক্ষাক্রমের জন্য “অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-০১ জন” নিয়োগের জন্য নিয়োগ বাছাই কমিটিতে ডিজি মহোদয়ের প্রতিনিধির জন্য অত্র দপ্তরে আবেদন করেন।

২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদন যাচাই-বাছাই করে নিম্নোক্ত অসঙ্গতি দেখা যায়ঃ

- (ক) প্রতিষ্ঠানের হালনাগাদ পাঠদান নবায়ন পত্র সংযুক্ত নেই।
- (খ) হালনাগাদ ম্যানেজিং কমিটি কর্তৃক বৈধ প্রার্থী নির্ধারণ সংক্রান্ত রেজুলেশন সংযুক্ত নেই।
- (গ) প্রতিষ্ঠানে বিগত ৩ বছরের ছাত্র-ছাত্রী ভর্তির প্রমাণক (বাকাশিবো কর্তৃক অনলাইন কপি) সংযুক্ত নেই।
- (ঘ) বাকাশিবো কর্তৃক প্রতিষ্ঠানে পাঠদান অনুমতির সকল পত্র সংযুক্ত নেই।
- (ঙ) প্রতিষ্ঠানের ধরণ সংক্রান্ত প্রত্যয়ন সংযুক্ত নেই।
- (চ) প্রতিষ্ঠানের ১ম এমপিও শীট সংযুক্ত নেই।

৩। এমতাবস্থায়, উক্ত নিয়োগ বাছাই কমিটিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি প্রদানের আপাতত সুযোগ নেই। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

অধ্যক্ষ,  
ধানখালী টেকনিক্যাল এন্ড বিএম কলেজ,  
পোঃ পৌচজুনিয়া, উপজেলাঃ কলাপাড়া, জেলা- পটুয়াখালী


স্বাক্ষরিত/-  
বিমল কুমার মিশ্র  
সহকারী পরিচালক (এমপিও)  
ইমেইলঃ dtempo16@gmail.com

স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১১.০৪৭.২৩-৫৭১

তারিখ: ২৭/০৪/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। সভাপতি, ধানখালী টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, পোঃ পৌচজুনিয়া, উপজেলাঃ কলাপাড়া, জেলা- পটুয়াখালী
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংরক্ষণ নথি।

  
২৭.০৪.২০২৬

বিমল কুমার মিশ্র  
সহকারী পরিচালক (এমপিও)